# একাদশ জাতীয় রোভার মুট

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

## পরিপত্র-১

বাংলাদেশ স্কাউটস প্রতি চার বছর অন্তর রোভার স্কাউটদের সর্ববৃহৎ সমাবেশ "জাতীয় রোভার মুট" আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ২৫-৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত একাদশ জাতীয় রোভার মুট আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। রোভার স্কাউট ছেলে-মেয়েদের সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থল পরিদর্শন ও শ্রদ্ধা নিবেদনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবার একাদশ জাতীয় রোভার মুটের স্থান গোপালগঞ্জ জেলায় নির্ধারণ করা হয়েছে। নিম্নস্বাক্ষরকারীকে সভাপতি করে ৮৬ সদস্য বিশিষ্ট মুট সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

২। ইতোমধ্যে সাংগঠনিক কমিটির চারটি সভা আয়োজনের মাধ্যমে সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে একাদশ জাতীয় রোভার মুট আয়োজনের জন্য ২০ টি সাব কমিটি গঠন, মুটের থীম এবং অংশগ্রহণকারী ইউনিটের সংখ্যা চূড়ান্ত করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে মুট সচিবালয় স্থাপন করা হয়েছে এবং একাদশ জাতীয় রোভার মুট বাস্তবায়নের কাজ এগিয়ে যাচ্ছে।

৩। একাদশ জাতীয় রোভার মুটের জন্য আকর্ষণীয়, চ্যালেঞ্জিং, রোমাঞ্চকর, শিক্ষামূলক, আনন্দদায়ক প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে। অতি শীঘ্রই পরিপত্র-২ এর মাধ্যমে বিস্তারিত প্রোগ্রাম সকলকে অবহিত করা হবে।

৪। **মুট থীম** ঃ বাংলাদেশ অভ্যুদয়ের সময় থেকে এ পর্যন্ত দেশের অগ্রগতি পর্যালোচনা ও দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে একাদশ জাতীয় রোভার মুট-এর থীম নির্ধারণ করা হয়েছেঃ "শান্তিময় জীবন, উন্নত দেশ"।

৫। **স্থান** ঃ একাদশ জাতীয় রোভার মুটের ভেন্যু হিসাবে "জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের হাউজিং প্রকল্প, মানিকদহ, গোপালগঞ্জ" এলাকায় মুটের মূল এরিনা এবং "টুংগীপাড়া, গোপালগঞ্জ"-এ "ক্যাম্প ইন ক্যাম্প" স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৬। **তারিখ** ঃ ২৫-৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত একাদশ জাতীয় রোভার মুট অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটকে আগামী ২৫ জানুয়ারি ২০১৭ তারিখ পূর্বাহ্নে মুট এলাকায় রিপোর্ট করতে হবে এবং ১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ সকালে মুট এলাকা ত্যাগ করা যাবে।

৭। **অংশগ্রহণকারীর যোগ্যতা** ঃ একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারীদের যোগ্যতা নিম্নরূপ ঃ

ক) একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক শুধুমাত্র জেলা রোভার মুটে অংশগ্রহণকারী ইউনিটসমূহ নির্ধারিত কোটা অনুযায়ী একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ পাবে।

খ) কমপক্ষে প্রশিক্ষণ স্তরের (সদস্য স্তর অতিক্রমকারী) রোভার স্কাউট একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ পাবে। আমার স্কাউট রেকর্ড (মাই প্রোগ্রেস) বই দক্ষতা স্তর নির্ধারণের মানদন্ড হিসেবে বিবেচিত হবে। অতএব অংশগ্রহণকারী রোভার স্কাউটদের মাই প্রোগ্রেস অবশ্যই সাথে আনতে হবে।

গ) প্রত্যেক রোভার স্কাউটকে শারীরিকভাবে সুস্থ ও সংক্রামক রোগ মুক্ত হতে হবে। `Water activities' এ অংশগ্রহণের জন্য সাঁতার জানা বাধ্যতামূলক। এ বিষয়ে নিজ ইউনিটের রোভার স্কাউট লিডারের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ঠান্ডা, রোদ ও পানিতে পরিশ্রম করতে সক্ষম এমন রোভার স্কাউটকে নির্বাচন করার জন্য ইউনিটসমূহকে অনুরোধ জানানো হলো। রোভার স্কাউট ও ইউনিট লিডারগণকে তাঁবুতে অবস্থান ও শীতকালীন আবহাওয়ায় নিজেকে মানিয়ে নেওয়ার যোগ্যতা থাকতে হবে।

৮। **ইউনিটে অংশগ্রহণকারীর সংখ্যা** ঃ ৮ জন রোভার স্কাউট ও ১ জন রোভার স্কাউট লিডারের সমন্বয়ে একটি ইউনিট বা দল অংশগ্রহণ করবে। গার্ল ইন রোভার ইউনিটে অবশ্যই মহিলা ইউনিট লিডার থাকতে হবে। একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের জন্য প্রতিটি ইউনিটের সাথে আবশ্যিকভাবে একজন প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট লিডার থাকতে হবে। অঞ্চল এবং জেলাসমূহকে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।

৯। **অংশগ্রহণকারীদের কোটা** ঃ একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটির সভায় নিম্নরূপ কোটা নির্ধারণ করা হয়েছে-

| ক্রমিক | অঞ্চলের নাম | জেলা রোভার মুটে অংশগ্রহণকারী ইউনিটের সংখ্যা | একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের জন্য বরাদ্দকৃত ইউনিটের সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | রোভার ইউনিট | গার্ল ইন রোভার ইউনিট | মোট |
| ১ | রোভার | ১১০৫ | ৫৫৪ | ২৩৮ | ৭৯২ |
| ২ | রেলওয়ে | ৩২ | ১৬ | ৭ | ২৩ |
| ৩ | নৌ | ৪৭ | ২৪ | ১০ | ৩৪ |
| ৪ | এয়ার | ৯ | ৫ | ২ | ৭ |
| | মোট= | ১১৯৩ | ৫৯৯ | ২৫৭ | ৮৫৬ |

**যে সকল জেলা এখনও জেলা রোভার মুট বাস্তবায়ন করেনি সে সকল জেলা মুট বাস্তবায়ন শেষে জাতীয় সদর দফতরে তথ্যাদি প্রেরণ করার পর সংশ্লিষ্ট জেলাকে ইউনিট কোটা বরাদ্দ করা হবে। তবে এই তথ্য অবশ্যই আগামী ৮ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে সংশ্লিষ্ট অঞ্চলের মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।** জেলাওয়ারী কোটা বন্টন পত্র মারফত সংশ্লিষ্ট অঞ্চলকে ইতোমধ্যে অবহিত করা হয়েছে।

১০। **কন্টিনজেন্ট লিডার** ঃ রোভার অঞ্চলের অংশগ্রহণকারী ইউনিটের সাথে একজন করে জেলাভিত্তিক কন্টিনজেন্ট লিডার এবং রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলে ১ জন করে কন্টিনজেন্ট লিডারকে একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। এজন্য তাঁকে মুটের নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফরম পূরণ করে নির্ধারিত ফি পরিশোধ করে যথানিয়মে রেজিস্ট্রেশন করতে হবে।

১১। **রেজিস্ট্রেশন** ঃ একাদশ জাতীয় রোভার মুটের রেজিস্ট্রেশন ফি নিম্ন হারে ধার্য্য করা হয়েছে-

| ক্রম | বিবরণ | | রেজিস্ট্রেশন ফি |
|---|---|---|---|
| ১ | প্রতি ইউনিট (৮ জন রোভার স্কাউট+ ১ জন ইউনিট লিডার) =৯ জন | | ১০০০.০০ টাকা |
| ২ | মুট সার্ভিস টিম (এডাল্ট লিডার) | | ৫০০.০০ টাকা |
| ৩ | মুট সার্ভিস টিম (রোভার স্কাউট) | | ৩০০.০০ টাকা |
| ৪ | বিভিন্ন সংস্থার প্রতিনিধি (প্রদর্শনী পল্লী ও অন্যান্য) | | ৫০০.০০ টাকা |
| ৫ | উডব্যাজ রি-ইউনিয়ন ঃ | মুটে অংশগ্রহণকারী উডব্যাজধারী অ্যাডাল্ট লিডার | ১০০.০০ টাকা |
| | | মুটে অংশগ্রহণ করেননি এমন উডব্যাজধারী অ্যাডাল্ট লিডার | ২০০.০০ টাকা |
| ৬ | টপ-অ্যাচিভার'স রি-ইউনিয়ন ঃ | মুটে অংশগ্রহণকারী রোভার স্কাউট ও অ্যাডাল্ট লিডারদের মধ্যে যারা শাপলা কাব/ প্রেসিডেন্ট'স স্কাউট /প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী | ১০০.০০ টাকা |
| | | মুটে অংশগ্রহণ করেননি কিংবা দায়িত্বে নেই এমন শাপলা কাব/ প্রেসিডেন্ট'স স্কাউট /প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী | ২০০.০০ টাকা |

একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী রোভার স্কাউট এবং রোভার স্কাউট লিডারদের অত্র পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম ও অভিভাবকের অনুমতিপত্র যথাযথভাবে (সংযোজনী "ক ও খ") পূরণ করে সংশ্লিষ্ট জেলা ও অঞ্চলের মাধ্যমে আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে একাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর পাঠাতে হবে। তবে রেজিস্ট্রেশন ফরমের সাথে **রেজিস্ট্রেশন ফি এর অর্থ - ডিডি/পে-অর্ডার মারফত "একাদশ জাতীয় রোভার মুট" শিরোনামে পাঠাতে হবে।**

১২। **খাদ্য ব্যবস্থাপনা** ঃ একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী ইউনিটসমূহকে নিজস্ব ব্যবস্থাপনায় রান্না করে আহার করতে হবে। ইউনিটভিত্তিক রান্না করার জন্য প্রয়োজনীয় তৈজসপত্র, থালা, গ্লাস, জগ, মগ ইত্যাদি সাথে আনতে হবে। মুট এলাকায় অস্থায়ী বাজার স্থাপন করা হবে। সম্ভাব্য সকল প্রয়োজনীয় উপকরণ মুট বাজারে পাওয়া যাবে ।

১৩। **আবাসন ব্যবস্থাপনা** ঃ অংশগ্রহণকারী সকল ইউনিটকে সাব ক্যাম্পভিত্তিক তাঁবুতে অবস্থান করতে হবে। ইউনিটের সাথে ইউনিট লিডারকে অবশ্যই তাঁবুতে থাকতে হবে। তাঁবুতে বসবাসের এবং আবহাওয়া উপযোগী বিছানাপত্র, লেপ/কম্বল, তোষক, বালিশ , গ্রাউন্ডসীট ইত্যাদি সাথে আনতে হবে। মুট কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রকার বিছানাপত্র সরবরাহ করা হবে না।

১৪. **যাতায়াত ব্যবস্থা** ঃ বাংলাদেশের প্রতিটি জেলা থেকে বিভিন্ন উপায়ে মুট ভেন্যুতে যাওয়া যায়। ঢাকা থেকে মাওয়া হয়ে ১৪৯ কিলোমিটার দূরত্বে এবং ঢাকা থেকে পাটুরিয়া হয়ে ২০০ কিলোমিটার দূরত্বে গোপালগঞ্জ জেলা অবস্থিত। গোপালগঞ্জ সদর থেকে মানিকদহ মুট ভেন্যুর দুরত্ব হবে ২.৫ কিলোমিটার। গোপালগঞ্জ বাসস্ট্যান্ড থেকে মুট ভেন্যু পর্যন্ত বিশেষ যাতায়াত ব্যবস্থা থাকবে। এ বিষয়ে বিস্তারিত পরবর্তী পরিপত্রে উল্লেখ করা হবে।

১৫। **যোগাযোগঃ** একাদশ জাতীয় রোভার মুটের যে কোন বিষয়ে তথ্য জানার জন্য জনাব আরশাদুল মুকাদ্দিস, নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস ও সদস্য সচিব, মুট সাংগঠনিক কমিটি, ফোন ঃ +৮৮-০২-৯৩৩৭৭১৪ মোবাইল ঃ ০১৭১১১১৪৬৫২ ইমেইল ঃ mukaddish@gmail.com-এ যোগাযোগ করা যাবে।

একাদশ জাতীয় রোভার মুট সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।

(মোঃ শাহ কামাল)
সভাপতি
একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটি
ও
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর- বাঃ স্কাঃ (রোভার মুট)/ ১২২৮ (৮৬৪)/১৬ তারিখ ঃ

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা রোভার;
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৫। ট্রেনিং টিমের সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;

সদয় জ্ঞাতার্থে ঃ

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৪। সভাপতি, জাতীয় কমিটি (সকল), বাংলাদেশ স্কাউটস;
৫। মুট সাংগঠনিক কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।

২২/১১/১৬
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস
ও
সদস্য সচিব
একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটি

সংযোজনী-ক

# একাদশ জাতীয় রোভার মুট

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

## রেজিস্ট্রেশন ফরম

| | |
|---|---|
| ইউনিটের নাম ঃ | অঞ্চল ঃ |
| ঠিকানা ঃ | জেলা ঃ |
| ইউনিট লিডারের নাম ঃ | বেসিক কোর্সের সনদ নম্বর ও তারিখ ঃ<br>অ্যাডভান্স কোর্সের সনদ নম্বর ও তারিখ ঃ |
| স্কাউট যোগ্যতা ঃ | শিক্ষাগত যোগ্যতা ঃ |
| ইউনিট লিডারের মোবাইল নম্বর ঃ | ইমেইল এড্রেস ঃ |

**অংশগ্রহণকারী রোভার স্কাউটদের বিবরণ ঃ**

| ক্রমিক | রোভার স্কাউটের নাম | জন্ম তারিখ | *scout.org ID | দীক্ষা গ্রহণের তারিখ | অবস্থানকারী স্তর |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| ৬ | | | | | |
| ৭ | | | | | |
| ৮ | | | | | |

* scout.org তে প্রবেশ করে creat Profile এ ক্লিক করলে রেজিস্ট্রেশন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রেশন ফরমটি প্রত্যেক জন আলাদা আলাদা করে পুরণ করলে একটি স্কাউট আইডি নম্বর পাওয়া যাবে।

**প্রতি স্বাক্ষর ঃ**

| ইউনিট লিডার<br>(স্বাক্ষর ও সীল) | গ্রুপ সভাপতি<br>(স্বাক্ষর ও সীল) | জেলা সম্পাদক<br>(স্বাক্ষর ও সীল) | আঞ্চলিক সম্পাদক<br>(স্বাক্ষর ও সীল) |
|---|---|---|---|

(প্রত্যেক ইউনিটের জন্য পাঁচ কপি ফরম পূরণ করে এক কপি একাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, এক কপি অঞ্চলে, এক কপি জেলায়, এক কপি কন্টিনজেন্ট লিডার এর নিকট পাঠাতে হবে এবং এক কপি ইউনিট লিডারের নিকট সংরক্ষণ করতে হবে।)

**একাদশ জাতীয় রোভার মুট**

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

**অভিভাবকের অনুমতিপত্র**

সদস্য সচিব
একাদশ জাতীয় রোভার মুট
ও
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

মাধ্যম ঃ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস..............................অঞ্চল।

মহোদয়,

.................................................................বিশ্ববিদ্যালয়ের/কলেজের/মুক্ত স্কাউট দলের .............................শ্রেণীর ছাত্র/ছাত্রী /....................................ব্যাজ অর্জনকারী রোভার স্কাউট আমার পুত্র/কন্যা/পোষ্য.............................................................কে আগামী ২৫-৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত গোপালগঞ্জ জেলায় অনুষ্ঠিতব্য একাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

আমার জানামতে সে বর্তমানে সম্পূর্ণভাবে রোগমুক্ত ও সুস্বাস্থ্যের অধিকারী।

____________________

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

রোভার স্কাউটের নাম ঃ

অভিভাবকের নাম ঃ

| | |
|---|---|
| গ্রাম /হাউজ নং ঃ | ফোন নম্বর ঃ |
| ডাকঘর ঃ | মোবাইল নম্বর ঃ |
| উপজেলা ঃ | ইমেইল ঃ |
| জেলা ঃ | |

**প্রতি স্বাক্ষর ঃ**

| | | | |
|---|---|---|---|
| ইউনিট লিডার<br>(স্বাক্ষর ও সীল) | গ্রুপ সভাপতি<br>(স্বাক্ষর ও সীল) | জেলা সম্পাদক<br>(স্বাক্ষর ও সীল) | আঞ্চলিক সম্পাদক<br>(স্বাক্ষর ও সীল) |

(প্রত্যেক ইউনিটের জন্য পাঁচ কপি ফরম পূরণ করে এক কপি একাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, এক কপি অঞ্চলে, এক কপি জেলায়, এক কপি কন্টিনজেন্ট লিডার এর নিকট পাঠাতে হবে এবং এক কপি ইউনিট লিডারের নিকট সংরক্ষণ করতে হবে।)

একাদশ জাতীয় রোভার মুট
২৫-৩১ জানুয়ারি ২০১৭

**টপ অ্যাচিভারস রি-ইউনিয়ন/ উডব্যাজ রি-ইউনিয়ন রেজিস্ট্রেশন ফরম**

১। নামঃ ক) বাংলা ঃ

খ) ইংরেজী ঃ

২। ঠিকানাঃ ক) বর্তমান ঠিকানাঃ

খ) স্থায়ী ঠিকানা ঃ

৩। জন্ম তারিখঃ 

৪। শিক্ষাগত যোগ্যতাঃ

৫। পেশাঃ

৬। যে প্রোগ্রামে অংশগ্রহণ করতে ইচ্ছুক ঃ
(টিক ✓চিহ্ন দিন) ☐ টপ অ্যাচিভারস রি-ইউনিয়ন ☐ উডব্যাজ রি-ইউনিয়ন

৭। ব্যক্তিগত তথ্যাদিঃ

| ইউনিটের নাম (যে ইউনিটের সাথে সম্পৃক্ত ছিলেন/আছেন) | সার্টিফিকেট নম্বর ও তারিখ (শাপলা কাব/প্রেসিডেন্ট'স স্কাউট, প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড/উডব্যাজ/এএলটি/এলটি) | স্কাউটিংয়ে সম্পৃক্ততার সময়কাল |
|---|---|---|
| | | |

৮। স্কাউট পদবী (যদি থাকে) ঃ

৯। জেলা ও আঞ্চলিক স্কাউটসের নাম ঃ

১০। টেলিফোন নম্বর ঃ

১১। মোবাইল নম্বর ঃ

স্বাক্ষর ও তারিখ ঃ